

বিপদের বন্ধু ৯৯৯ (টোল ফ্রি)-ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস সম্পর্কে জানেন কি?



৯৯৯ ইমার্জেন্সি সার্ভিস এর সকল ফিচার

- সম্পূর্ণ টোল ফ্রি নাম্বার
- শুধুমাত্র মোবাইল ফোন থেকে কল করা যাবে ল্যান্ডলাইন থেকে নয়
- দিন রাত ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস
- সারা বাংলাদেশ জুড়ে সার্ভিস পাওয়া যাবে
- ফায়ার সার্ভিস সাপোর্ট
- পুলিশ নিরাপত্তা সাপোর্ট
- দ্রুত এ্যাম্বুলেন্স সাপোর্ট সহ আরো অনেক সার্ভিস

৯৯৯ নম্বরে যে কোনো মোবাইল নম্বর থেকে সম্পূর্ণ টোল ফ্রি কল করে বাংলাদেশের নাগরিকরা জরুরি মুহূর্তে ফায়ার সার্ভিস, পুলিশ বা অ্যাম্বুলেন্স সেবা পাবেন।

ঠিকানা প্রদান

জরুরি সেবা পাওয়ার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও অপরিহার্য হলো সাহায্য প্রার্থীর লোকেশন বা ঠিকানা জানা। অপারেটকে আপনার সঠিক অবস্থান বলুন, জেলা বা উপজেলার নামও বলতে হবে। সঠিক অবস্থান জানা না থাকলে পার্শ্ববর্তী বড় রাস্তা, বাজার বা হাইওয়ের নাম উল্লেখ করতে পারেন।

প্রশ্নের সঠিক উত্তর প্রদান

সঠিক সেবা নিশ্চিত করণে, অপারেটর বা জরুরি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (পুলিশ, ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স সেবা প্রদানকারী কর্তৃপক্ষ) আপনাকে কিছু প্রশ্ন করবেন, যাতে তারা যথাযথ কর্মকর্তা বা কর্তৃপক্ষের কাছে আপনার প্রয়োজন জানাতে পারেন। প্রশ্নের সঠিক উত্তর প্রদান করে অপারেটরকে সহায়তা করুন।

আপনার জরুরি পরিস্থিতির তথ্য দিন

কলের সময় শান্ত থাকুন এবং আপনার সমস্যার তথ্য দিন সতর্কতা ও ধীরস্থির ভাবে। আপনি নিজে নাকি আপনার কাছের কেউ সমস্যায় পড়েছেন? কেউ আহত হলে তার পরিস্থিতি পরিষ্কারভাবে বলার চেষ্টা করুন- আহত ব্যক্তির অবস্থা কততুকু খারাপ? তার চেতনা আছে কি? তিনি কি শ্বাস নিতে পারছেন? তার অ্যাম্বুলেন্সের দরকার আছে কিনা? কল না কেটে লাইনে থাকুন।

আপনার কোন ধরনের জরুরি সেবা প্রয়োজন- অ্যাম্বুলেন্স? পুলিশ? নাকি অন্য জরুরি সেবা?

ক) পুলিশের সেবা চাইতে এই বিষয়টি মনে রাখুন

জরুরি পুলিশি সেবার ক্ষেত্রে ৯৯৯ অপারেটর আপনাকে নিকটস্থ থানার সঙ্গে যোগাযোগ করিয়ে দেবে। আপনি সেখানে আপনার অভিযোগটি জানাতে পারবেন। পুলিশি সাহায্যের ক্ষেত্রে অধিকাংশ সময়ই নিকটস্থ থানায় গিয়ে অভিযোগ করতে হয়। কারণ লিখিত অভিযোগ ছাড়া অনেকে ক্ষেত্রে পুলিশ তদন্ত শুরু করতে পারে না। ৯৯৯ এর মাধ্যমে সংশ্লিষ্ট থানার কর্মকর্তাদের সঙ্গে কথা বলে আপনার করণীয় সম্পর্কে জেনে নিন।

খ) অ্যাম্বুলেন্স সেবা চাইতে এই বিষয়টি মনে রাখুন

৯৯৯ সার্ভিসের মাধ্যমে যে অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়, তা কিন্তু বিনামূল্যে নয়। ৯৯৯ এর কাজ হল বিভিন্ন অ্যাম্বুলেন্স সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করিয়ে দেয়া। ফলে অ্যাম্বুলেন্সের ধরণ, গন্তব্যস্থল ইত্যাদি অনুযায়ী ভাড়ার পরিমাণ নির্ধারিত হয়।
আরেকটি তথ্য, ৯৯৯ সার্ভিস থেকে লাশবাহী অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয় না।

গ) ফায়ার সার্ভিসের সেবা চাইতে এই বিষয়টি মনে রাখুন

শুধু অগ্নিকাণ্ড নয়, সড়ক ও নৌ দুর্ঘটনা, আটকে পড়া মানুষ বা পশু, পাখি উদ্ধার ইত্যাদি ফায়ার সার্ভিসের সেবা চাইতে ৯৯৯ নম্বরে ফোন করুন।

আপনার মোবাইল ফোন নম্বরটি খোলা রাখুন, যাতে অপারেটর যেকোন মুহূর্তে আপনার সঙ্গে পুনরায় যোগাযোগ করতে পারে। এর বাইরে পুলিশ, ফায়ার সার্ভিস বা অ্যাম্বুলেন্স কর্তৃপক্ষও আপনার সঙ্গে যোগাযোগ করতে পারেন।

৯৯৯ ইমার্জেন্সি সার্ভিস অ্যাপ

আপনার বিপদের সঙ্গী, ইমার্জেন্সি সেবা পেতে বাংলায় তৈরি প্রথম ইমার্জেন্সি অ্যাপটি প্লে স্টোর থেকে ডাউনলোড করুন। বাংলাদেশ আইসিটি ডিভিশন ২০১৭ সালে অ্যাপটি তৈরি করেন। অ্যাপটি ব্যবহার খুবই সহজ।

৯৯৯ ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস (<https://nhd.gov.bd>)

- আপনি এ অ্যাপ থেকে স্বাস্থ্য সেবা ও পেতে সক্ষম।
- যদি অতিমাত্রায় প্রয়োজন হয় আপনি হেল্প ডেস্ক থেকেও সাহায্য নিতে পারেন। হেল্প ডেস্ক ২৪ ঘন্টাই খোলা।
- সহজেই ম্যাপের মাধ্যমে খুঁজে বের করতে পারেন আপনার নিকটস্থ ফায়ার স্টেশন, হাসপাতাল অথবা থানা।
- তাছাড়াও এখানে আপনি যে কোন কিছু সম্পর্কে অনুসন্ধান করতে পারেন। যার ফল আপনাকে সম্পূর্ণ বাংলায় দেয়া হবে।